

## প্রেস বিজ্ঞপ্তি

পাঁচবছর ক্ষমতায় থাকলে ফেরিওয়ালাদের মত

ফেরি করে ঘরে ঘরে বিদ্যুৎ দেয়া হবে ।

ঢাকা, ২৬ মাঘ, ১৪২১ বঃ; ০৮ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

শেখ হাসিনার সরকার পাঁচবছর ক্ষমতায় থাকলে ফেরিওয়ালাদের মতো ফেরি করে ঘরে ঘরে বিদ্যুৎ দেওয়া হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী

তিনি রোববার দুপুরে বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ কাউন্সিল (বিএআরসি) অডিটোরিয়ামে গ্লোবাল পার্সপেকটিভ অফ বায়োটেক/জিএম ক্রপস এন্ড ইটস কনট্রিবিউশন টু ফুড সিকিউরিটি এন্ড প্রভার্টি এ্যালিভেশন(Global Perspective of Biotech/GM Crops and ITS Contribution to Food Security and Poverty Alleviation) শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

ইন্টারন্যাশনাল সার্ভিস ফর দ্য একুইজিশন অফ এগ্রি-বায়োটেক এপ্লিকেশন(আইএসএএএ), বিএআরসি, বিএআরই যৌথভাবে এর আয়োজন করে।


মতিয়া চৌধুরী বলেন, ২০০৯ সালে ভোট চাইতে গিয়ে বলেছিলাম, নৌকায় ভোট দেন, সারের পেছনে কৃষকের দৌড়াতে হবে না। সারই কৃষকের পেছনে দৌড়াবে।

২০১৪ সালে বলেছিলাম, নৌকায় ভোট দিলে ঘরে ঘরে বিদ্যুৎ দেব। সেটাই হতে যাচ্ছে। শেখ হাসিনা ৫ বছর ক্ষমতায় থাকলে বিদ্যুৎ ফেরি করে দিতে হবে।

তিনি আরো বলেন, আমরা ১৯৯৬ সালে ক্ষমতা গ্রহণ করে হাইব্রিড ধান ও সবজির জাত অবমুক্ত করেছিলাম। এ কারণে সারা বছর ধরে লাউ, টমেটো, কপিসহ বিভিন্ন ধরণের সবজি খাচ্ছেন। আমরা মানুষ নিয়ে কাজ করি, মানুষের ভাল চাই। আধুনিক কৃষিবিষয়ক আবিষ্কারের ফলে আজকে আমরা বাংলাদেশের কৃষি কে খোরপোষ কৃষি থেকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করেছি। আগে যেখানে দেশের জনসংখ্যা ৭ কোটি ছিল কিন্তু খাদ্যাভাব ছিল। কিন্তু এখন দেশের জনসংখ্যা ১৬ কোটি হলেও চাল ও সবজি রপ্তানি করা হচ্ছে।

কৃষিমন্ত্রী বলেন, বায়োটেকনোলজির মতো ভূমি এবং পরিবেশ সাশ্রয়ী টেকনোলজিকে আরো বেশি বেশি প্রয়োগ করে আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তুলতে সবাইকে সচেষ্ট থাকতে হবে। বাংলার খেটে খাওয়া মানুষকে যেন কোন মহল ভুল না বুঝায়, এ বিষয়ে আপনাদের সতর্ক থাকতে হবে। সবাই মিলে কৃষির আধুনিকায়নের জন্য কাজ করলে শ্রমের শেষ নেয়ামত এ উর্বর মাটিকে, এ সুন্দর নাতিশীতোষ্ণ পরিবেশকে কাজে লাগিয়ে বাংলাদেশ একদিন অভাবমুক্ত, উন্নত দেশ হিসেবে পৃথিবীর বুকে মাথা তুলে দাড়াতে সক্ষম হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

কৃষিসচিব মোঃ ইউনুসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন আইএসএএএ এর প্রতিষ্ঠাতা এমিরিটাস সভাপতি ডঃ ক্লাইভ জেমস। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বায়োটেক ফসল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি দাবি করেছেন। উল্লেখ্য যে ভারত ও পাকিস্তান বিটি তুলা চাষ করে প্রভূত উন্নয়ন সাধন করেছে এবং দেশ দুটি আমদানিকারক হতে রপ্তানিকারক হতে সক্ষম হয়েছে। উক্ত সেমিনারে বায়োটেকনোলজি সংশ্লিষ্ট দেশী-বিদেশী গবেষক, বিশ্ববিদ্যালয় অধ্যাপক ও শিক্ষার্থীবৃন্দ, গণমাধ্যমকর্মী এবং বায়োটেক সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মধারবৃন্দ উপস্থিত ছিলেন।

  
০৫.০২.১৫  
বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com